# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**09 MARCH 2026 7:45—7:55**

---

(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামী শনিবারের শিলচর সফরকে কেন্দ্র করে যাবতীয় প্রস্তুতি চূড়ান্ত পর্যায়ে/ শ্রী মোদীর শিলচরের এলিভেটেড করিডোর সহ তিনটি প্রকল্পের শিলান্যাস এবং একটির উদ্বোধন/

(২) প্রধানমন্ত্রীর আসন্ন শিলচর সফরের পরিপ্রেক্ষিতে সমগ্র কাছাড় জেলায় বেশকিছু নিষেধাজ্ঞা জারী/ আগামীকাল থেকে আগামী রবিবার পর্যন্ত এই নিষেধাজ্ঞা বলবৎ/

(৩) অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্যায়ে আগামীকাল রাজ্যের ৪০ লক্ষ সুবিধাপ্রাপককে ন'হাজার টাকা করে প্রদান/ কাছাড় জেলায় দু'লক্ষ ১৩ হাজারেরও বেশি সুবিধাপ্রাপক/

এবং

(৪) আসন্ন বিধানসভা নির্বাচনকে কেন্দ্র করে আসামে রাজনৈতিক দলগুলির ভোটারদের আকর্ষিত করার প্রয়াস/

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী একদিনের সফরে আগামী শনিবার শিলচর আসছেন । তাঁর এই সফরকালে শ্রী মোদী তিনটি গুরুত্বপূর্ণ উন্নয়নমূলক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন । এবং একটি প্রকল্পের উদ্বোধন করবেন । শিলচর রামনগর বাইপাসের কাছে অম্বিকাপুর তৃতীয় খন্ডে প্রধানমন্ত্রীর এই অনুষ্ঠানের জন্য প্রশাসনিক পর্যায় সহ যাবতীয় প্রস্তুতি চূড়ান্ত হচ্ছে । আজ বরাক উপত্যকা উন্নয়ন দপ্তরের মন্ত্রী কৌশিক রাই অনুষ্ঠানস্থলী পরিদর্শন করে এসে শিলচরে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে একথা জানিয়ে আরো বলেন যে- প্রধানমন্ত্রী শ্রী মোদী পাঁচগ্রাম থেকে বরাপানী পর্যন্ত নির্মিয়মান এক্সপ্রেস হাইওয়ে প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন । প্রায় ২২ হাজার ৮৬৪ কোটি

টাকা ব্যয়সাপেক্ষে নির্মিয়মান এই প্রকল্পটি উত্তর-পূর্ব ভারতের দীর্ঘতম হাইস্পিড করিডোর হিসেবে বিবেচিত হচ্ছে । এই পথটি সম্পূর্ণ হলে সাড়ে চারঘন্টার মধ্যে শিলচর থেকে গুয়াহাটি যাতায়াত সম্ভব হবে । এছাড়া বরাক উপত্যকার যোগাযোগ ব্যবস্থা বহু পরিমাণে উন্নত হবে এবং মিজোরাম, ত্রিপুরা ও মণিপুরের সঙ্গে যাতায়াত-ও সহজতর হবে বলে তিনি উল্লেখ করেছেন । এছাড়া তিনি শিলচর শহরের যানজট নিরসনে প্রধানমন্ত্রী ক্যাপিটেল পয়েন্ট থেকে রাঙ্গিরখাড়ি পর্যন্ত প্রায় সাড়ে তিন কিলোমিটার দীর্ঘ এলিভেটেড করিডোর নির্মাণ প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন । প্রধানমন্ত্রী বরাক উপত্যকায় প্রথম কৃষি মহাবিদ্যালয় স্থাপনের জন্য শ্রীভূমি জেলার পাথারকান্দিতে ১২২ কোটি টাকা ব্যয়ে নির্মিয়মান কৃষি মহাবিদ্যালয়ের-ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন । এই মহাবিদ্যালয়টি প্রতিষ্ঠা হলে বরাক উপত্যকার ছাত্রছাত্রীরা কৃষি বিষয়ে উচ্চশিক্ষা গ্রহণের সুযোগ লাভ করবে । পরে প্রধানমন্ত্রী শিলচর-বদরপুর-চুরাইবাড়ী রেলওয়ে বিদ্যুৎ প্রকল্পের-ও উদ্বোধন করবেন । প্রায় ৬৫৫ কোটি টাকা ব্যয়ে নির্মিত এই প্রকল্পের মাধ্যমে এই অঞ্চলের রেল যোগাযোগ ব্যবস্থা আরো দ্রুততর হবে। প্রধানমন্ত্রীর এই কার্যসূচিতে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা, রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য, কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল সহ কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বেশকয়েকজন মন্ত্রী, সাংসদ ও বিধায়করা উপস্থিত থাকবেন ।
আজকের সাংবাদিক সম্মেলনে কাছাড় জেলার সিনিয়র পুলিশ সুপার সঞ্জীব কুমার শইকিয়া, ডি আই জি জয়শ্রী খেরসা, সহ প্রশাসনের অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামী শনিবার শিলচর সফর উপলক্ষে কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে নিরাপত্তা ব্যবস্থা নির্বিঘ্ন রাখতে এবং  যানবাহন চলাচল সুষ্ঠুভাবে পরিচালনা করতে জেলা প্রশাসনের পক্ষ থেকে বেশ কিছু সর্তকতামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । জেলা আয়ুক্ত আয়ুষ গর্গ ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারা অনুযায়ী বেশ কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন । নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে আগামীকাল থেকে আগামী ১৫ই মার্চ কাছাড় জেলায় সব ধরনের আকাশযান ব্যবহারের ক্ষেত্রে নো-ফ্লাই জোন হিসেবে ঘোষনা করা হয়েছে । এই নির্ধারিত সময়সীমার মধ্যে কেহ কোন ব্যাক্তিগত বা বানিজ্যিক ড্রোন ব্যবহার করতে পারবে না । জেলা ম্যাজিষ্ট্রেটের পক্ষ থেকে পৃথক আরেকটি নির্দেশে আগামীকাল থেকে আগামী ১৪ই মার্চ পর্য্যন্ত জেলার কয়েকটি গুরুত্বপূর্ন সড়ককে নো-পার্কিং জোন হিসেবে ঘোষনা করা হয়েছে । এই নিষেধাজ্ঞা শিলচর আই এস বি টি পয়েন্ট থেকে মঙ্গল পান্ডের মূর্তি পর্যন্ত এবং আই

এস বি টি পয়েন্ট থেকে শ্রীকোনা -ও এন জি সি ক্যাম্পাস পর্যন্ত প্রযোজ্য হবে । জেলা প্রশাসন থেকে বলা হয়েছে যে নির্দেশ অমান্য করলে ভারতীয় ন্যায় সংহিতা-র ২২৩ ধারা অনুযায়ী আইনানুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের চা শ্রমিকদের দৈনিক মজুরি ৩০ টাকা করে বৃদ্ধি করা হয়েছে ।আগামী পয়লা এপ্রিল থেকে তা কার্যকর হবে । এর ফলে ব্রহ্মপুত্র উপত্যকায় চা শ্রমিকদের দৈনিক মজুরি ২৮০ টাকা এবং বরাক উপত্যকায় ২৫৮ টাকা হবে । সমতল উপজাতি এবং পিছিয়ে পড়া শ্রেণী উন্নয়ন মন্ত্রী ডাঃ রণোজ পেগু সামাজিক মাধ্যমে একথা জানিয়েছেন ।তিনি বলেন যে চা বাগানের সর্বাঙ্গীন উন্নয়ন এব্য চা শ্রমিকদের সামাজিক সুরক্ষা নিশ্চিত করতে রাজ্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ । উল্লেখ্য চা জনজাতি তথা আদিবাসী সম্প্রদায়ের সামগ্রিক বিকাশের জন্য রাজ্য সরকার বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে ।এই অনুসারে সরকারি চাকুরীর তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদে তিন শতাংশ সংরক্ষণ , ১ লক্ষ ৫০ হাজারেরও অধিক ছাত্রছাত্রীকে প্রাক প্রবেশিকা এবং প্রবেশিকার পরবর্তী সময়ে বৃত্তি প্রদান , চা বাগান অঞ্চলে ১২০ টি আদর্শ বিদ্যালয় স্থাপন , এম বি বি এস পাঠ্যক্রমে সংরক্ষিত আসন সংখ্যা বৃদ্ধি সহ বেশকিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ।এছাড়া চাবাগান অঞ্চলে ১৫ টি চিকিৎসালয় স্থাপন , বিনামূল্যে ওষুধ সরবরাহ এবং কম করেও ২৪০ টি চা বাগানে আয়ুষ্মান আরোগ্য মন্দির স্থাপন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

দ্বাদশ মণিপুর বিধানসভার অধিবেশন আজ পুনরায় আরম্ভ হয়েছে । অধিবেশনে গত ৫ ই ফেব্রুয়ারীর রাজ্যপালের প্রদত্ত ভাষণের ওপর আলোচনা অনুষ্ঠিত হবে । এছাড়া ২০২৬-২৭ বর্ষের পরিপূরক দাবী মঞ্জুরী পেশ করা হবে এবং সদ্য প্রয়াত সদস্যদের শোক প্রস্তাব উত্থাপন করা হবে । আগামী ১৭ ই মার্চ অধিবেশন সমাপ্ত হবে ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার আসাম পঞ্চায়েতি রাজ প্রতিষ্ঠান তথা স্থানীয় গ্রামীণ সংস্থা সমুহের জন্য ১৫ তম অর্থ কমিশনের অনুদানের ২৫৬ কোটি ৬০ লক্ষ টাকা বরাদ্দ করেছে । ২০২৫ - ২৬ অর্থ বছরের জন্য প্রদান করা এই অর্থ ২৭ টি জেলার পঞ্চায়েত , ১৮২ টি ব্লক পঞ্চায়েত , ২ হাজার ১৯২ টি গাঁওপঞ্চায়েত এবং তিনটি স্বশাসিত জেলা পরিষদ -উত্তর কাছাড় স্বশাসিত পরিষদ , কার্বি-আংলং স্বশাসিত পরিষদ এবং বড়োলেন্ড স্বশাসিত পরিষদের জন্য বরাদ্দ করা হয়েছে । এছাড়া ২০২৫-২৬ অর্থ

বছরের আনটাইড অনুদানের প্রথম কিস্তির ৪২ কোটি ৭০ লক্ষ টাকার বাকী অংশ অতিরিক্তভাবে তিনটি স্বশাসিত পরিষদের জন্য বরাদ্দ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্যায়ের অধীনে আগামীকাল রাজ্যের ৪০ লক্ষ হিতাধিকারীকে ৯ হাজার টাকা করে প্রদান করা হবে ।সমাজ কল্যাণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে রাজ্য সরকার মোট ৩ হাজার ৬০০ কোটি টাকা অরুণোদয় প্রকল্পের হিতাধিকারীদের জন্য ব্যয় করবে ।এ উপলক্ষে আগামীকাল রাজ্যের ৩ হাজার ৮০০ ’র বেশী স্থানে আয়োজিত অনুষ্ঠানে হিতাধিকারীর হাতে চেক তুলে দেওয়া হবে ।

কাছাড় জেলার ২ লক্ষ ১৩ হাজার ২১৮ জন হিতাধিকারীকে অরুণোদয় প্রকল্পের চেক বন্টন করা হবে ।

-----------------------------------------------------------------------------------------

আসন্ন বিধানসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে রাজ্যের বিভিন্ন রাজনৈতিক দলগুলি জনসাধারণের মধ্যে গিয়ে প্রচার অভিযান অব্যাহত রেখেছে । বিজেপির জন আশীর্বাদ যাত্রা কার্যসূচীর অংশ হিসেবে আজ মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বজালি এবং নলবাড়ি জেলায় জন আশীর্বাদ যাত্রায় অংশগ্রহণ করেন ।এই যাত্রায় বিজেপির রাজ্য সভাপতি দিলীপ শইকিয়া , মন্ত্রী রঞ্জিত কুমার দাস , জয়ন্ত মল্লবরুয়া সহ বেশ কয়েকজন দলীয় সদস্য অংশগ্রহণ করেন ।

এদিকে কংগ্রেস দলও ভোটদাতাদের মন জয় করআর জন্য সময় পরিবর্তন যাত্রা শীর্ষক কার্যসূচী গ্রহণ করেছে । অসম গণ পরিষদ দলের হয়ে আজ অসম যুব পরিষদ চাবুয়াতে সমন্বয় সংকল্প যাত্রার আয়োজন করে ।

আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য রাইজর দল রাজ্যের প্রধান বিরোধী দল কংগ্রেসের সঙ্গে মিত্রতা না করার সিদ্ধান্ত গ্রহণ করেছে । গতকাল দলটির এক বিবৃতিতে কংগ্রেস দলের সঙ্গে মিত্রতা না করার কথা আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা সহ বেশ কয়কটি আসনে নিজেদের প্রার্থী দেওয়ার কথা ঘোষণা করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

দক্ষিণ করিমগঞ্জ বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত সব গাঁও পঞ্চায়ের সভাপতি ও সভানেত্রীর প্রতিনিধিদের নিয়ে এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কাজকর্ম এবং জনসাধারণের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করার উদ্দেশ্যে এক সভা আজ শ্রীভূমি জেলা পরিষদের কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়েছে । রাজ্যের মন্ত্রী কৃষ্ণেন্দু পালের পৌরহিত্যে এই সভায় দক্ষিণ করিমগঞ্জের বিধায়ক সিদ্দেক আহমেদ, রাতাবাড়ির বিধায়ক বিজয়

মালাকার, শ্রীভূমি জেলা পরিষদের চেয়ারম্যান অনিল কুমার ত্রিপাঠী সহ দক্ষিণ করিমগঞ্জের বিভিন্ন গাঁও পঞ্চায়েতের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

ভারতীয় বায়ুসেনার অগ্নিবীর (বায়ু) পদে যোগদানের জন্য অবিবাহিত ভারতীয় নারী ও পুরুষ প্রার্থীদের নিয়োগ সমাবেশে অংশগ্রহনের জন্য আহ্বান জানানো হয়েছে । এই নিয়োগ সমাবেশ আগামী ২০ মার্চ থেকে ২৩শে মার্চ পর্যন্ত শিলং-এ অনুষ্ঠিত হবে । প্রার্থীদের জন্ম দোসরা জুলাই ২০০৫ থেকে দোসরা জানুয়ারী ২০০৯ এর মধ্যে হতে হবে এবং শিক্ষাগত যোগ্যতা যেকোনো স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে উচ্চতর মাধ্যমিক উত্তীর্ণ হতে হবে । ইচ্ছুক প্রার্থীদের ভারতীয় বায়ুসেনার ওয়েব সাইটে লগ ইন করে আবেদন করার অনুরোধ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------